

অভিজ্ঞতা

-দিপালোক ভট্টাচার্য

আজকের দিনে প্রত্যেকের মনে এক প্রশ্ন কে, কত অভিজ্ঞ ?

অভিজ্ঞতা মানুষকে লড়াই করে বাঁচতে শেখায়। অভিজ্ঞতার অন্তরালে মানুষ তার অস্তিত্ব বজায় রাখতে সংগ্রাম চালিয়ে যায়। আজকে এই প্রতিযোগিতার দৌড়ে অভিজ্ঞতা এক শংসা পত্র মাত্র। নিজেকে সমৃদ্ধ করতে নিজের কাজকে ভালোবেসে করতে সকলেই বিমুখ। আজকের দৈনন্দিন কাজের বাজারে অভিজ্ঞতা গ্রহন করতে সকলেই ব্যস্ত। কিন্তু, এই ব্যস্ততাঃ আড়ালে অভিজ্ঞতা ছুঁয়ে ছুঁয়ে যাচ্ছে সকলের মনে। প্রত্যেকটা দিনের শুরুতে প্রত্যেক বয়সের মানুষ শিশু থেকে আবাণ-বৃদ্ধ-বনিতা সকলেই অভিজ্ঞ হচ্ছে নিজ নিজ কাজে। অভিজ্ঞতা প্রত্যেককে মানুষকে নিজ পৃষ্ঠা অবলম্বন করে বাঁচতে শেখায়। যে যার নিজ নিজ কাজকে ভালোবেসে অভিজ্ঞতা অর্জনের ক্ষেত্রে অগ্রসর হন। এই অভিজ্ঞতাই সঠিক পথে এগিয়ে নিয়ে জীবনে চলার সাফলকে উন্মোচিত করবে নব দিগন্তের পথে, উদ্ভাবিত সূর্যের দিকে।

হে, তরণ দল, এগিয়ে যাও ভেঙে চূড়মাড় করো সমাজের কলঙ্ক। অভিজ্ঞতার অন্তরালে নিজেকে উদ্ভাসিত-উদ্দীপিত-উন্মোচিত করো, দেশ ও দেশের কল্যাণে।